

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৮৮

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি হজ বা উমরাহ করার সংকল্প করে, তখন তিনি যে তালবিয়া পাঠ করবেন, তার বিবরণ

ذَكَرُ وَصْفِ الْإِهْلَالِ الَّذِي يُهْلُ الْمَرْءُ بِهِ إِذَا عَزَمَ عَلَى الْحَجِّ أَوْ الْعُمْرَةِ

আরবী

3788 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ: أَنَّ تَلْبِيَةَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْكَ لَا شَرِيكَ لَكَ لَبَّيْكَ إِنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ وَالْمُلْكَ لَا شَرِيكَ لَكَ) قَالَ نَافِعٌ: وَكَانَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ يَزِيدُ فِيهَا: لَبَّيْكَ وَسَعْدَيْكَ لَبَّيْكَ وَالرَّغْبَاءُ إِلَيْكَ وَالْعَمَلُ.
الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3788 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1590): ق.

বাংলা

৩৭৮৮. ইবনু উমার রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের তালবিয়া ছিল এরকম, لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْكَ لَا شَرِيكَ لَكَ لَبَّيْكَ إِنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ وَالْمُلْكَ لَا شَرِيكَ لَكَ, (আপনার কাছে উপস্থিত, হে আল্লাহ, আপনার কাছে উপস্থিত। আপনার কোন শরীক নেই, আপনার কাছে আমি উপস্থিত। নিশ্চয়ই সমস্ত প্রশংসা, নি‘আমত ও রাজত্ব আপনারই জন্য। আপনার কোন শরীক নেই।”[1]

নাফে‘ রহিমাল্লাহু বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাযিয়াল্লাহু আনহু আরেকটু বেশি বলতেন, لَبَّيْكَ وَسَعْدَيْكَ لَبَّيْكَ وَالرَّغْبَاءُ إِلَيْكَ وَالْعَمَلُ (আপনার সন্তুষ্টি ও হুমুক পালনে আমি উপস্থিত, আপনার কাছে আশা করি এবং আমল আপনার দিকে সমর্পিত।)”[2]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৪২২; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৮৩; তাহাবী: ২/২৫৬; সুনান বাইহাকী: ৫/১৫৫; বাগাবী: ১৮৫৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ :১৫২৫)

[2] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৩১-৩৩২; ইমাম শাফেঈ: ১/৩০৩; সহীহুল বুখারী: ১৫৪৯; সহীহ মুসলিম: ১১৮৪; বাগাবী: ১৯৬৫; সুনান বাইহাকী: ৫/৪৪; তাহাবী: ২/১২৪; দারেমী: ২/৩৪; ইবনু মাজাহ: ২৯১৮; দারাকুতনী: ২/২২৫; সহীহ ইবনু খুযাইমাহ: ২২৬১; নাসাঈ: ৫/১৫৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫৯০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93127>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন